

শিগগিরই শিক্ষা সফর নীতিমালা

শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
 শিগগিরই 'শিক্ষা সফরে যাওয়ার নীতিমালা' জারি করবে শিক্ষা মন্ত্রণালয়। এ নীতিমালায় শিক্ষা সফরে যাওয়ার আগে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের অনুমতি গ্রহণ, সফরের স্থান ও সড়িক সম্পর্কে শিক্ষার্থীদের ভালোভাবে জানানো এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা ও প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নেওয়ার বিধান রাখা হচ্ছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বুধবার সাংবাদিকদের এ কথা জানান। তিনি কক্সবাজারের সেন্টমার্টিন সমুদ্রসৈকতে দুর্ঘটনায় বেসরকারি আহুছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীর মৃত্যু ও দুই জনের নিখোঁজ হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন।

গতকাল আহুছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম সফিউল্লাহসহ অন্য শিক্ষকদের সঙ্গে সাক্ষাৎ করে ওই মর্মান্তিক দুর্ঘটনায় শোকসন্তপ্ত পরিবারের সদস্য, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সহপাঠীদের প্রতি গভীর সমবেদনা জানান মন্ত্রী।

এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এখন থেকে কোনো শিক্ষার্থী বা শিক্ষার্থী দলকে শিক্ষা সফর বা পিকনিকে যাওয়ার আগে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতি নিতে হবে। সফরের স্থান সম্পর্কে ভালোভাবে জানা ও সফরের শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সফর সম্পর্কে স্থানীয় প্রশাসনকে আগে থেকে জানাতে হবে। এ বিষয়ে শিগগিরই শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি নির্দেশনা জারি করা হবে।